

শেকুবিতে ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষ, আহত ৩

■ শেকুবি প্রতিরোধ

ভর্তি হওয়া নতুন ছাত্রদের দলে টানাকে কেন্দ্র করে গতকাল শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকুবি) ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষ হয়েছে। মিলনায়তনের সামনে সংঘর্ষের এ ঘটনায় ৩ জন আহত হন। তাদের শহীদ মোহরাওয়ার্দী হাসপাতালে ভর্তি করা হয়। এ ঘটনায় ১টি কক্ষ ভাঙচুর করা হয়েছে। পরে ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়।

গতকাল মঙ্গলবার শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম চলাকালে ছাত্রলীগের সাধারণ সম্পাদক দেবাশীষ দাস এবং ছাত্রলীগ নেতা মোস্তফা পাটওয়ারীর সমর্থকরা একজন নবাগত ছাত্রকে তাদের নিজ এলাকার দাবি করেন। এতে দু'পক্ষের কর্মীদের মধ্যে উত্তপ্ত বাঁকা বিনিময় হয়। একপর্যায়ে দেবাশীষ এবং মোস্তফা পাটওয়ারী কর্মীরা নিজেদের মধ্যে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এ সময় তারা একে অন্যকে চেয়ার ও মাঠি দিয়ে আঘাত করে। এতে মোস্তফা পাটওয়ারী সমর্থিত ছাত্রলীগ কর্মী মোফাজ্জের রহমান শিশির, প্রদীপ কর্মকার, তানভীর আহমদ পাভেল আহত হন।